

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা- ১০০০
www.fisheries.gov.bd


নং- ৩৩.০২.০০০০.১০২.০১.০১৫.৮৭-৭৮৪

তারিখঃ ২৫/০৮/২০১৬ খ্রি.

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩১/০৭/২০১৬ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১২৬.০৩.০০১.১৫-৩৫৫ সংখ্যক প্রজ্ঞাপন মূলে আপনি জনাব মোঃ আব্দুল লতিফ, জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা -কে একই গ্রেডভুক্ত (৫ম গ্রেড) সমমানের পদ সিনিয়র সহকারী পরিচালক হিসাবে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দিনাজপুরে বদলী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন আদেশে ০৭/০৮/২০১৬ খ্রি. তারিখের মধ্যে বদলীকৃত নতুন কর্মস্থলে যোগদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অন্যথায় ০৮/০৮/২০১৬ খ্রি. তারিখ পূর্বক হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন মর্মে উল্লেখ রয়েছে। সে প্রেক্ষিতে মৎস্য অধিদপ্তরের ০২/০৮/২০১৬ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১০২.৫১.০১০.০৬-৭১০ সংখ্যক স্মারক মূলে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা সদর, গাইবান্ধা এর নিকট দায়িত্বভার হস্তান্তরপূর্বক নতুন কর্মস্থলে যোগদানের নিমিত্ত মুভমেন্ট আদেশ জারী করা হয়। কিন্তু আপনি জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দিনাজপুরে ই-মেইলযোগে গত ০৭/০৮/১৬ খ্রি. তারিখের একটি যোগদানপত্র প্রেরণ করে অদ্যাবধি গাইবান্ধায় অবস্থানপূর্বক জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা হিসাবে দায়িত্ব পালন করছেন। আপনার এহেন কার্যকলাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সজ্ঞাত আদেশ অমান্যকরন, সরকারী দায়িত্ব পালনে চরম অবহেলা, দায়িত্বহীনতার পরিচয় বহন করে যা “অসদাচরনের” শামিল।

এমতাবস্থায়, আপনার এহেন কার্যকলাপের জন্য কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী সাত (০৭) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(সৈয়দ আরিফ আজাদ)
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)
ফোন: ০২-৯৫৬২৮৬১

ই-মেইল: dg@fisheries.gov.bd

জনাব মোঃ আব্দুল লতিফ
সিনিয়র সহকারী পরিচালক
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দিনাজপুরে বদলীর আদেশাধীন
(প্রাক্তন জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সদয় জ্ঞাতার্থে)।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর। (জ্ঞাতার্থে ও কার্যার্থে)।